

তারিখঃ ২৫-০৭-২০২২ (পৃঃ ১৫)

## সরকারবিরোধীরা খাদ্য সংকটের দিবাস্বপ্ন দেখছে : কৃষিমন্ত্রী

■ বিশেষ প্রতিনিধি

কৃষিমন্ত্রী ডক্টর মো. আব্দুর রাজ্জাক বলেছেন, বিএনপিসহ সরকারবিরোধীরা দিবাস্বপ্ন দেখছে দেশে খাদ্য সংকট হবে। দেশের অর্থনীতি ভেঙে পড়বে, দেশ শীলংকার মতো হয়ে যাবে। কিন্তু তাদের সে স্বপ্ন পূরণ হবে না। দেশে খাদ্য সংকট হবে না, আর দেশ শীলংকার মতোও হবে না। রোববার বিকালে রাজধানীর খামারবাড়িতে বিএআরসি মিলনায়তনে বন্যায় ক্ষতিগ্রস্ত কৃষকদের মধ্যে বিনামূল্যে বীজ বিতরণ অনুষ্ঠানে মন্ত্রী এসব কথা বলেন। বাংলাদেশ সিড অ্যাসোসিয়েশন এ অনুষ্ঠানের আয়োজন করে।

মন্ত্রী বলেন, বিএনপি অতীতে জ্বালাও, পোড়াও করে আন্দোলন করেছে, মানুষ হত্যা করেছে, পাওয়ার প্লান্টে আঁশন দিয়েছে, রেল লাইন তুলে নিয়েছে, জানমালের ক্ষতি করেছে। সরকার আন্দোলন আর এ দেশে হবে না। বর্তমান সরকার নির্বাচিত সরকার, বৈধ

সরকার। মানুষের জানমালের নিরাপত্তা দেওয়া আমাদের দায়িত্ব।



আব্দুর রাজ্জাক

কৃষিমন্ত্রী আরও বলেন, 'আমরা চালের উৎপাদন বৃদ্ধির ওপর গুরুত্বারোপ করছি। সেজন্য ব্রি ২৮সহ পুরনো জাতের ধানের পরিবর্তে নতুন উচ্চাবিত বেশি উৎপাদনশীল জাত চাষ করতে হবে। ব্রি নতুন নতুন জাত নিয়ে এসেছে। ব্রিধান ৮৯, ৯২, ১০০সহ নতুন জাতগুলো বিঘাতে ৩০ মণের বেশি হয়। বিঘাতে ২০ মণের জায়গায় যদি ৩০ মণ হয় এটি কিরাট বিপ্লব। এ বিষয়ে সবার একত্রে কাজ করতে হবে। যাতে কৃষকের কাছে দ্রুত জাতগুলো পৌঁছায়।'

বিএসএর সভাপতি এম আনিস উদ দৌলার সভাপতিত্বে অনুষ্ঠানে কৃষি মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব আব্দুল্লাহ সাজ্জাদ, বিএআরসির নির্বাহী চেয়ারম্যান শেখ মো. বখতিয়ার, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মহাপরিচালক কেনজীর আলম বক্তব্য রাখেন।